

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১৬৮

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১. ফাতিহাতুল কিতাব (সূরা আল-ফাতিহা) পড়তে অপারগ হলে যে দোয়া পড়লে যথেষ্ট হবে

بَابُ مَا يُجْزِيهِ مِنَ الدُّعَاءِ عِنْدَ الْعَجْزِ عَنْ قِرَاءَةِ فَاتِحَةِ الْكِتَابِ

আরবী

حَدَّتَنَا يَحْيَى بْنُ مُحَمَّدِ بْنِ صَاعِدِ ، ثَنَا أَبُو عُبَيْدِ اللَّهِ الْمَخْزُومِيُّ سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمُقْرِئُ _ وَاللَّفْظُ لِسَعِيد _ قَالَا : ثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ ، وَمُحَمَّدُ بْنُ عُثْمَانَ بْنِ كَرَامَةَ ، وَأَبُو شَيْبَةَ ، قَالَا عَنْ مِسْعَرٍ ، ح : وَحَدَّثَنَا ابْنُ صَاعِدٍ ، ثَنَا مُحَمَّدُ بْنُ عُثْمَانَ بْنِ كَرَامَةَ ، وَأَبُو شَيْبَةَ ، قَالَا : نَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى ، ثَنَا مِسْعَرٌ ، عَنْ إِبْرَاهِيمَ السَّكْسَكِيّ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي : نَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى ، ثَنَا مِسْعَرٌ ، عَنْ إِبْرَاهِيمَ السَّكْسَكِيّ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى ، قَالَ : جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَذَكَرَ أَنَّهُ لَا يَسْتَطِيعُ أَنْ أَوْفَى ، قَالَ : جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ فَذَكَرَ أَنَّهُ لَا يَسْتَطِيعُ أَنْ يَأُخُذُ مِنَ الْقُرْآنِ شَيْئًا ، _ وَقَالَ ابْنُ عُيَيْنَةَ : فَقَالَ : يَا رَسُولَ اللَّهِ ، عَلِّمْنِي شَيْئًا يُجْزِينِي يَأَعْدُ مِنَ الْقُرْآنِ ، فَإِنِي لَا أَقُرْأُ ، قَالَ : " قُلْ سُبْحَانَ اللَّهِ ، وَالْحَمْدُ لِلَّهِ ، وَلَا إِللَّهُ ، وَاللَّهُ ، وَاللَّهُ ، وَاللَّهُ مَنْ الْقُرْآنِ ، فَإِنِي لَا أَقُرْأُ ، قَالَ : " قُلْ : " قُلْ سُبْحَانَ اللَّهِ ، وَالْحَمْدُ لِلَّهِ ، وَلَا لَ ذَهُ مَ وَقَالَ : هَذَا لِرَبِي ، فَمَا لِي ؟ قَالَ : " قُلْ : " اللَّهُمُّ ، اغْفِرْ لِي ، وَارْحَمْنِي ، وَاهْدِنِي ، وَالْمَدْنِي ، وَالْمُحْرَى ، وَقَالَ : " قُلْ : " اللَّهُمُّ ، اغْفِرْ لِي ، وَارْحَمْنِي ، وَاهْدِنِي ، وَالْأَحْرَى ، وَقَالَ : " قَلْ : " اللَّهُمُّ ، اغْفِرْ لِي ، وَارْحَمْنِي ، وَاهْدِنِي ، وَالْأَحْرَى ، وَقَامَ

বাংলা

১১৬৮(১). ইয়াহইয়া ইবনে মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... আবদুল্লাহ ইবনে আবু আওফা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল যে, সে কুরআন শিখতে অক্ষম। ইবনে উয়াইনার বর্ণনায় আছে, সে বলল, ইয়া রাসূলাল্লাহ! আমাকে কিছু শিখিয়ে দিন যা আমার জন্য কুরআন পড়ার বিকল্প হিসেবে যথেষ্ট হবে। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বলেনঃ তুমি বলো, "সুবহানাল্লাহ ওয়ালহামদু লিল্লাহি ওয়ালা ইলাহা ইল্লাল্লাছ ওয়াল্লাছ আকবার ওয়ালা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহি" (আল্লাহ মহাপবিত্র, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই এবং আল্লাহ সবচেয়ে মহান। আল্লাহর তৌফিক ব্যতীত গুনাহ থেকে বিরত থাকা এবং ভালো কাজ করার শক্তি নেই)। রাবী বলেন, অতঃপর লোকটি তার দুই হাত একত্র করে বলল, এটা তো আমার প্রতিপালকের জন্য, আমার জন্য কি? তিনি



বলেনঃ তুমি বলো, "আল্লাহ্মাগফিরলী ওয়ারহামনী ওয়াদিনী ওয়ারযুকনী ওয়া আফিনী"। (হে আল্লাহ! আমাকে ক্ষমা করো, আমাকে দয়া করো, আমাকে হেদায়াত দান করো, আমাকে রিযিক দাও এবং আমাকে সুস্থতা দান করো)। অতঃপর সে পুনরায় তার দুই হাত একত্রে মিলালো, অতঃপর উঠে চলে গেল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবূ আওফা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন